



# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ময়মনসিংহ

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এর পোল্ট্রি ফার্মের দুইটি পুরাতন সেডের আংশিক যেখানে যে অবস্থায় আছে তার ভিত্তিতে নিম্নে বর্ণিত তথ্য ও নির্ধারিত মূল্য অনুযায়ী বিক্রয় করা হবে।

ক্রমিক নং	পোল্ট্রি সেড নম্বর	পোল্ট্রি সেড এর মূল্য (টাকা)
১।	পোল্ট্রি সেড নং ১: সেড সাইজ ২১৫'X২৭', উক্ত সেডের দক্ষিণ থেকে উত্তর দিকে ৪৪'X২৭' বাদ দিয়ে অবশিষ্টাংশ ১৭১'X২৭' বিক্রয়যোগ্য। তবে, সেড নং ১ এর উত্তর দিক থেকে দক্ষিণ দিকে ২২'X২৭' সেডের টিন ও গ্রিল ব্যতীত। পোল্ট্রি সেড নং ২: সেড সাইজ ২৩৫'X২৭', উক্ত সেডের দক্ষিণ থেকে উত্তর দিকে ৪৪'X২৭' বাদ দিয়ে অবশিষ্টাংশ ১৯১'X২৭' বিক্রয়যোগ্য।	দুইটি সেডের মোট মূল্য টাকা ৩,৬৫,৩৫৭.০০ (তিন লক্ষ পয়ষট্টি হাজার তিনশত সাতান্ন টাকা) মাত্র।

### শর্তাবলী:

- ১। পত্রিকায় প্রকাশের দিন হতে ১৪ কার্য দিবসের মধ্যে (বিশ্ববিদ্যালয়ের অফিস খোলা থাকা সাপেক্ষে) যোগাযোগের অগ্রাধিকার ভিত্তিতে উপরে বর্ণিত পুরাতন সেড দুইটি বিক্রয় করা হবে।
- ২। কোষাধ্যক্ষ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এর অনুকূলে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় চত্বরে অবস্থিত পূবালী ব্যাংক লিমিটেড হতে টাকা ৩,৬৫,৩৫৭.০০ (টাকা তিন লক্ষ পয়ষট্টি হাজার তিনশত সাতান্ন) মাত্র মূল্যের ব্যাংক ড্রাফট সেড দুইটির মূল্য হিসাবে নিম্নস্বাক্ষরকারীর অফিসে জমা দিতে হবে।
- ৩। ব্যাংক ড্রাফট জমা প্রদানের সময় ক্রয়কারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে পোল্ট্রি সেড এর নির্ধারিত মূল্যের উপর ৫% ভ্যাট ও ৫% অগ্রিম আয়কর সরকারী ভ্যাট ও আয়কর অফিসে জমা দেয়ার মূল কাগজপত্র (টি.আর ফরম) নিম্নস্বাক্ষরকারীর অফিসে জমা দিতে হবে।
- ৪। ক্রয়কারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পোল্ট্রি সেড দুইটি ভেঙ্গে সমস্ত মালামাল আবর্জনাসহ বিশ্ববিদ্যালয় এর বাহিরে সরিয়ে নিতে হবে।
- ৫। পোল্ট্রি সেড দুইটির ক্রেতা ৪ নং ক্রমিকের শর্ত অনুযায়ী সেড সরিয়ে নিতে ব্যর্থ হলে অথবা যদি কোন জটিলতা সৃষ্টি হয় তার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ৬। অফিস চলাকালীন সময়ে ক্রয়োচ্ছুক যে কেউ উপরে উল্লিখিত সেড দুইটি সরেজমিনে দেখতে পারবেন।
- ৭। সেড দুইটি বিক্রয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ড. মো: রবিউল ইসলাম  
অতিরিক্ত পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা  
ও সদস্য-সচিব  
পোল্ট্রি সেড এর মূল্য নির্ধারণ এবং নিলামে  
বিক্রয়ের জন্য গঠিত কমিটি